


নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, বনানী, বগুড়া এর বেতগাড়ি মৌজায় ০৫ টি দাগে অধিগ্রহণকৃত মোট ০.৪০৫ একর জমির উপর প্রায় ১০০ মিটার দীর্ঘ প্রাচীর, একটি গার্ডরুম, ০২ টি গেট, ০৩ কক্ষবিশিষ্ট গ্যারেজ/স্টোর, প্রশিক্ষণ হলরুম, পুরনো রেস্ট হাউসসহ সকল পুরাতন স্থাপনা (যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায়) বিক্রয় এবং অপসারণের জন্য বৈধ লাইসেন্স প্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠান/ সাধারণ ব্যবসায়ীগণকে নিলাম ডাকে অংশগ্রহণের আহ্বান করা যাচ্ছে। নিলাম ডাক আগামী ১০/০৮/২০২২ খ্রিঃ রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে অনুষ্ঠিত হবে।

নিলামে অংশগ্রহণকারীগণ ডাক শুরুর পূর্বেই সরেজমিনে উল্লেখিত স্থাপনাসমূহ যথাযথভাবে যাচাই করার জন্য পরামর্শ দেয়া হলো। ডাকের পর এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

নিলাম ডাকের শর্তাবলী

০১. বৈধ ঠিকাদারী লাইসেন্সধারী/ সাধারণ ব্যবসায়ীগণ নিলাম ডাকে অংশগ্রহণ করতে পারবে।
০২. নিলাম ডাক শুরুর পূর্বেই উদ্ধৃত মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) টাকা জামানত হিসাবে নগদ জমা দিতে হবে।
০৩. নিলামে অংশগ্রহণকারীগণ ডাক শুরুর পূর্বেই সরেজমিনে উল্লেখিত পুরাতন স্থাপনাসমূহ যথাযথভাবে যাচাই করার জন্য পরামর্শ দেয়া হলো। ডাকের পর এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।
০৪. কৃতকার্য নিলাম ডাককারী চূড়ান্ত ডাকের সমুদয় টাকা সাথে সাথে পরিশোধ করতে হবে।
০৫. কৃতকার্য দরদাতাকে উদ্ধৃত মূল্যের উপর ১৫% ভ্যাট এবং ৩% আয়কর পরিশোধ করতে হবে। আয়কর ও ভ্যাট প্রদান সাপেক্ষে কার্যাদেশ দেয়া হবে।
০৬. কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে স্থাপনাসমূহ অপসারণ করতে হবে।
০৭. কৃতকার্য দরদাতাকে যথেষ্ট সতর্কতার সাথে স্থাপনাসমূহ অপসারণ করতে হবে। স্থাপনা অপসারণের সময় যানবাহন, বৈদ্যুতিক তার, মাটির উপরে ও নিচে টেলিফোনের তার ও সড়কে কোন ক্ষতি সাধিত হলে সংশ্লিষ্ট দরদাতা দায়ী থাকবেন।
০৮. নিয়ন্ত্রাঙ্করকারী কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম ডাক, কার্যক্রম বাতিল, সংশোধন/ পরিবর্তন/ পরিবর্ধন এবং নিলাম সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন। এ ব্যাপারে নিয়ন্ত্রাঙ্করকারী কিংবা নিলাম কমিটি কাহারো নিকট কারণ দর্শাইতে বাধ্য নহেন।


২৬/৭/২০২২
মোঃ দুলাল হোসেন
উপপরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, বগুড়া।


স্মারক নং- ১২৪৮

তারিখঃ ২৬/৭/২২

অনুলিপি সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. জেলা প্রশাসক, বগুড়া
২. পুলিশ সুপার, বগুড়া
৩. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত, বগুড়া
৪. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বগুড়া
৫. উপজেলা প্রকৌশলী, শাজাহানপুর, বগুড়া
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল)..... বগুড়া
৭. উপজেলা কৃষি অফিসার (সকল)..... বগুড়া
৮. সহকারী কমিশনার (ভূমি), শাজাহানপুর/সদর, বগুড়া
৯. অফিস নোটিশ বোর্ড।

বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ


২৬/৭/২০২২
মোঃ দুলাল হোসেন
উপপরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, বগুড়া।